গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মহাপরিচালকের কার্যালয়
যুব উন্নয়ন অধিদপ্তর
যুব ভবন
১০৮ মতিঝিল বা/এ, ঢাকা-১০০০।
www.dyd.gov.bd

স্মারক নং-৩৪.০১.০০০০.০০৫.৪২.০৮৪.৮৫- তারিখ:----------খ্রি.

বিষয়ঃ মরহুম মোঃ মজিবুর রহমান, প্রাক্তন ডাটা এন্ট্রি অপারেটর-এর আনুতোষিক ও মাসিক অবসরভাতা এবং লাম্পগ্রান্ট মঞ্জুরি।

যুব উন্নয়ন অধিদপ্তরাধীন চাঁদপুর জেলা কার্যালয়ের ডাটা এন্ট্রি অপারেটর জনাব মোঃ মজিবুর রহমান চাকুরিতে কর্মরত থাকা অবস্থায় ২৭-০৮-২০১৯খ্রি. তারিখে মৃত্যুবরণ করেন। মরহুমের পুত্র জনাব মেহেদী হাসান পারিবারিক পেনশন এবং লাম্পগ্রান্ট মঞ্জুরির আবেদন করেন। মরহুমের মোট পেনশনযোগ্য চাকুরিকাল ৩৪ বছর ০৪ মাস ০৬ দিন এবং তিনি বিধি মোতাবেক ৯০% হারে পেনশন প্রাপ্য। শেষ বেতনের প্রত্যয়নপত্র(এলপিসি) অনুযায়ী তিনি পূর্ণ গড় বেতনে ০২ বছর ০৭ মাস ১৩ দিন ও অর্ধ গড় বেতনে ০২ বছর ০৯ মাস ০৫ দিন অর্জিত ছুটি পাওনা রয়েছেন এবং মৃত্যুর অব্যবহিত পূর্বের তারিখে মরহুমের মূলবেতন ২১,৮৬০/-টাকা। তিনি ২১,৮৬০/-টাকার ৯০% হারে ১৯,৬৭৪/- টাকা মোট অবসরভাতা প্রাপ্য। তিনি অবসরভাতা ১৯,৬৭৪/-টাকার ১ম অর্ধাংশ ৯,৮৩৭/-টাকার বিনিময় হার ২৩০/-টাকা হিসেবে ৯.৮৩৭X২৩০=২২,৬২,৫১০/-(বাইশ লক্ষ বাষট্টি হাজার পাঁচশত দশ) টাকা আনুতোষিক ও ২য় অর্ধাংশ ৯,৮৩৭/-(নয় হাজার আটশত সাঁইত্রিশ) টাকা হারে মাসিক অবসরভাতা এবং প্রাপ্য ছুটি নগদায়নপূর্বক ১৮(আঠার) মাসের মূল বেতনের সমপরিমাণ ২১,৮৬০X১৮=৩,৯৩,৪৮০/-(তিন লক্ষ তিরানব্বই হাজার চারশত আশি) টাকা লাম্পগ্রান্ট প্রাপ্য।

২। বর্ণিত অবস্থায়, অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগের ২৭-০১-২০০৯খ্রিঃ তারিখের অম/অবি/প্রবি-১/৩পি-২/২০০৫(অংশ-১)/৫ সংখ্যক স্মারকের মাধ্যমে জারিকৃত পেনশন মঞ্জুরী ও পরিশোধ বিধি ২০০৯ এর অনুচ্ছেদ-৩.০১ মোতাবেক আনুতোষিক বাবদ ২২,৬২,৫১০/-(বাইশ লক্ষ বাষট্টি হাজার পাঁচশত দশ) ও মাসিক অবসরভাতা হিসেবে ৯,৮৩৭/-(নয় হাজার আটশত সাঁইত্রিশ) টাকা এবং জাতীয় বেতনস্কেল ২০১৫ এর অনুচ্ছেদ-১০(২)(খ) অনুযায়ী লাম্পগ্রান্ট বাবদ ৩,৯৩,৪৮০/-(তিন লক্ষ তিরানব্বই হাজার চারশত আশি) টাকাসহ সমুদয় অর্থ জনাব মেহেদী হাসান-এর অনুকূলে পরিশোধের মঞ্জুরি অনুমোদনক্রমে প্রদান করা হলো।

৩। মরহুমের আনুতোষিক ও মাসিক অবসরভাতা এবং লাম্পগ্রান্ট মঞ্জুরীর জন্য নিম্নলিখিত কাগজপত্র এসঙ্গে প্রেরণ করা হলো।

নং	বিবরণ	সংখ্যা
১	পেনশন ফরম-২.২	০১(এক) কপি
২	মৃত্যু সনদ	০১(এক) কপি
৩	নমুন স্বাক্ষর ও হাতের পাঁচ আঙ্গুলের ছাপ	০১(এক) কপি
৪	উত্তরাধিকার সনদপত্র ও নন-ম্যারিজ সার্টিফিকেট	০১(এক) কপি
৫	আনুতোষিক ও অবসরভাতা উত্তোলন করার ক্ষমতা অর্পণ ও অভিবাবক মনোনয়ন-এর প্রত্যয়নপত্র	০১(এক) কপি
৬	না-দাবী প্রত্যয়নপত্র	০১(এক) কপি
৭	শেষ বেতন সনদ (এলপিসি)	০১(এক) কপি
৮	মূল চাকুরি বহি	০১(এক) কপি

সংযুক্তিঃ বর্ণনা মোতাবেক ০৮(আট) কপি।

(মোঃ জাহাঙ্গীর আলম)
যুগ্ম-সচিব
পরিচালক(প্রশাসন ও অর্থ)
ফোন: ০২-৯৫৫০৮৬৩

জেলা হিসাবরক্ষণ কর্মকর্তা
চাঁদপুর।

স্মারক নং-৩৪.০১.০০০০.০০৫.৪২.০৮৪.৮৫-৬৮০ তারিখ: ০৪/০৬/২০২০খ্রি.

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো।
১। চিফ একাউন্টস এন্ড ফিনান্স অফিসার, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, হিসাব ভবন, ৩য় ফেইজ (৫ম তলা), সেগুনবাগিচা, ঢাকা।
২। উপপরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর, চাঁদপুর।
৩। সহকারী পরিচালক (আইসিটি), যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা (আদেশটি ওয়েবসাইটে প্রকাশ করার জন্য অনুরোধ করা হলো)।
৪। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।
৫। জনাব মেহেদী হাসান, পিতা: মরহুম মোঃ মজিবুর রহমান, গ্রামঃ তেগুরিয়া, ডাকঃ পালাখাল, উপজেলাঃ কচুয়া, জেলাঃ চাঁদপুর।
৬। অফিস কপি।

(মোঃ শাহাদাত হোসেন) ২/৬/২০২০
নিরীক্ষা ও হিসাবরক্ষণ অফিসার
ফোন: ০২-৪৭১১০৬৭২